বাগানের সামনে ব্যারেটো

আজকালের প্রতিবেদন

ডুরান্ড কাপের ফাইনালে ইস্টবেঙ্গলের কাছে হার যন্ত্রণাদায়ক। মোহনবাগান সমর্থকদের এর চেয়েও বেশি যন্ত্রণা দিচ্ছে ম্যাচের স্কোরলাইন। লাল-হলুদের কাছে অসহায় আত্মসমর্পণ শুধু বাগান-জনতাকে নয়, ক্লাব ম্যানেজমেন্টকেও নাড়িয়ে দিয়েছে। যে প্রতিযোগিতাকে শেষ কয়েকবছর উঠতি ফুটবলারদের যোগ্যতা প্রমাণের মঞ্চ হিসেবে দেখা হচ্ছিল, সেই কলকাতা লিগকে এবার গুরুত্ব দিচ্ছে মোহনবাগান। গতবার আইএসএলের পর এবার মরশুম শুরুতেই ডুরান্ডে চিরপ্রতিদ্বন্দ্বীরা টেক্কা দেওয়ায় ট্রফির জন্য মরিয়া হয়ে উঠেছে বাগান শিবির। বুধবার লিগে ঘরের মাঠে প্রতিপক্ষ হোসে র‍্যামিরেজ ব্যারেটোর জর্জ টেলিগ্রাফ।

লিগেও মোহনবাগানের পারফরমেন্স আশানুরূপ নয়। পরপর দুটি ম্যাচ হারার পর শেষ ম্যাচটি জিতেছে। ৭ ম্যাচে ১৩ পয়েন্ট নিয়ে পঞ্চম স্থানে বাস্তব রায়ের দল। আজকের ম্যাচে মোহনবাগানকে টেক্কা দিতে মরিয়া হবেন সবুজ-মেরুনের প্রাণ ভোমরা ব্যারেটো। কলকাতা লিগে তাঁর দল জর্জ টেলিগ্রাফ ধুঁকছে। ৮ ম্যাচে ৪ পয়েন্ট নিয়ে একাদশ স্থানে তারা। ১টি জয়, ১টি ড্র ও ৬টি হার।

লিগে আগামী দিনে দীপক টাংরি, লিস্টন কোলাসো, মনবীর সিং, অ্যালেক্স সাজিদের মতো সিনিয়র দলের ফুটবলারদের খেলানো হতে পারে। জানা গিয়েছে, ডুরান্ডে যাদের পারফরমেন্স মন ভরাতে পারেনি, তাঁরা কলকাতা লিগে খেলতে পারেন।

আজ

কলকাতা লিগে

মোহনবাগান : জর্জ টেলিগ্রাফ

(মোহনবাগান। দুপুর ৩-০০)

নম্বর টেন স্পোর্টস অ্যাপ

সেপ্টেম্বরে শিল্ডের অনুমতি পেল আইএফএ

আজকালের প্রতিবেদন: আইএফএ শিল্ড আয়োজনের জন্য সর্বভারতীয় ফুটবল সংস্থার তরফে সবুজ সঙ্কেত পেল বঙ্গ ফুটবলের নিয়ামক সংস্থা। সেপ্টেম্বরের শেষ সপ্তাহে প্রতিযোগিতা হবে। কেমন হতে পারে শিল্ডের ফরম্যাট? সূত্রের খবর, গতবারের মতো এবারও ৬টি দল নিয়ে প্রতিযোগিতাটি হবে। ৩টি দল নিয়ে দুটি গ্রুপ তৈরি হবে। গ্রুপ পর্বে সিঙ্গেল লেগ রাউন্ড রবিন ফরম্যাটে খেলা হবে। তারপর দুটি গ্রুপের প্রথম দুই দলকে নিয়ে সেমিফাইনাল ও তারপর ফাইনাল।

কারা খেলবে, সেই নিয়ে ইতিমধ্যেই আইএসএল ও আইএফএলের ক্লাবগুলির সঙ্গে আলোচনা শুরু করেছে আইএফএ। মোহনবাগান, ইস্টবেঙ্গল ছাড়াও কলকাতা লিগে ভাল পারফর্ম করা কোনও দলকে নেওয়া হতে পারে। মহমেডানও ভাবনায় আছে। আইএসএলের দলগুলির মধ্যে নর্থইস্ট ইউনাইটেড ও দিল্লি এফসির সঙ্গে কথা চলছে। আইএফএলের দল শ্রীনিধি ডেকানও অংশগ্রহণ করতে পারে।

ফ্রিকিক থেকে গোলের পর সাকার উল্লাস। ছবি: মহমেডান

শেষ মুহূর্তে জয়, লিগ শীর্ষে মহমেডান

৩ মহমেডান স্পোর্টিং — রেমসাঙ্গা, সাকা, মহীতোষ

২ মেসারার্স — গণেশ, শ্রীমন্ত

আজকালের প্রতিবেদন

কলকাতা লিগে জয়ের সরণিতে ফিরল মহমেডান স্পোর্টিং। শেষ দু'ম্যাচ ড্র করার পর মঙ্গলবার নৈহাটি স্টেডিয়ামে মেসারার্সের বিরুদ্ধে ৩-২ ব্যবধানে জয়ী সাদা-কালো ব্রিগেড। ৮ ম্যাচে ১৮ পয়েন্ট নিয়ে গ্রুপ 'বি'-র শীর্ষে উঠল মেহরাজউদ্দিন ওয়াডুর দল। লিগে অপরাজিত তকমাও ধরে রাখল তারা। ৮ ম্যাচে মহমেডানের ৫টি জয় ও ৩টি ড্র।

সপ্তম স্থানে থাকা প্রতিপক্ষকে হারাতে মঙ্গলবার রীতিমতো কালঘাম ছুটল মহমেডানের। ২৫ মিনিটে রেমসাঙ্গার গোলে এগিয়ে যায় তারা। পাঁচ মিনিটে ব্যবধানে ফ্রিকিক থেকে দর্শনীয় গোল করেন সাকা। কিন্তু প্রথমার্ধ শেষ হওয়ার কিছুক্ষণ আগে গণেশ বেসরার গোলে ব্যবধান কমায় মেসারার্স। দ্বিতীয়ার্ধে সমতাও ফেরায় তারা। সৌজন্যে পরিবর্ত হিসেবে নামা শ্রীমন্ত কিস্কুর গোল। ম্যাচ যখন ড্র-য়ের দিকে গড়াচ্ছে, তখন জ্বলে উঠলেন মহীতোষ রায়। ৮৭ মিনিটে প্রায় ২৫ গজ দূরে পাওয়া ফ্রিকিক থেকে সরাসরি গোল করে সাদা-কালো শিবিরে স্বস্তি আনেন এই বঙ্গতনয়।

ইন্ডিয়ান ওভারসীজ বঁক Indian Overseas Bank — আপকী প্রগতি কা সচ্চা সাথী — Good people to grow with

কোন্নগর শাখা: ৮২পি, এস সি চ্যাটার্জি স্ট্রিট, ফার্স্ট ফ্লোর, কোন্নগর, পশ্চিমবঙ্গ-৭১২২৩৫
ফোন: ০৩৩-২৬৭৪ ০২০৩; ই-মেল: iob2636@iob.bank.in

দাবি বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ ('রুলস')-এর রুল ৩(১)-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ ('সারফায়েসি অ্যাক্ট')-এর ১৩(২) ধারাধীনে

(১) যেহেতু ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্ক-এর অনুমোদিত আধিকারিক রূপে নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসের রুল ৩-সহ পঠনীয় সারফায়েসি অ্যাক্টের ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে উক্ত অ্যাক্টের ১৩(২) ধারা মোতাবেক নীচের তালিকাভুক্ত ঋণগ্রহীতাগণ/ বন্ধকদাতাগণ/ জামিনদারগণ (এখানে এর পরে 'উক্ত ঋণগ্রহীতাগণ' হিসেবে উল্লিখিত)-এর প্রতি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে ওই বিজ্ঞপ্তিতে (এখানে নীচে বিশদে বর্ণিত) উল্লিখিত অর্থাঙ্ক আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।

(২) ওই বিজ্ঞপ্তিগুলি হয় ডাক কর্তৃপক্ষ দ্বারা অবিলিকৃত অবস্থায় ফেরত এসেছে অথবা সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণ/ বন্ধকদাতাগণ/ জামিনদারগণ সেগুলি গ্রহণ করেননি।* সেই কারণে এই ব্যাঙ্ক যথাযথ সতর্কতার সঙ্গে এই দাবি বিজ্ঞপ্তিটি প্রকাশের ব্যবস্থা গ্রহণ করল। তদনুযায়ী, নিম্নস্বাক্ষরকারী সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণ/ বন্ধকদাতাগণ/ জামিনদারগণের সর্বশেষ জ্ঞাত ঠিকানাগুলিতে উক্ত অ্যাক্টের সংস্থান মোতাবেক এই বিজ্ঞপ্তিগুলি সাঁটিয়ে দেওয়ার বন্দোবস্ত করেছেন। উক্ত বিজ্ঞপ্তির কপি নিম্নস্বাক্ষরকারীর অফিস থেকে সংগ্রহ করা যাবে এবং এগুলি যে কোনও কাজের দিনে অফিস চলার মেয়াদে সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণ/ বন্ধকদাতাগণ/ জামিনদারগণ নিম্নস্বাক্ষরকারীর অফিস থেকে সংগ্রহ করতে পারবেন, অবশ্য যদি এমনটা করতে তাঁরা ইচ্ছুক থাকেন।

(৩) ওপরে লেখা কারণগুলির প্রেক্ষিতে, এতদ্দ্বারা ফের একবার ওপরে লেখা ঋণগ্রহীতাগণ/ বন্ধকদাতাগণ/ জামিনদারগণের প্রতি এই নোটিস জারি করা হচ্ছে, যাতে তাঁরা এই নোটিস প্রকাশের তারিখ থেকে ৬০ দিনের মধ্যে নীচের সারণিতে উল্লিখিত ঋণ ও অন্যান্য নথি মোতাবেক প্রদেয় অর্থাঙ্ক ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্ক-কে আদায় দেন। উক্ত ঋণ যথাসময়ে পরিশোধ নিশ্চিত করার জন্য জামিন হিসেবে নিম্নলিখিত পরিসম্পদগুলি ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্কের কাছে সংশ্লিষ্ট পক্ষগণের তরফে বন্ধক রাখা আছে।

ঋণগ্রহীতা/ জামিনদারের নাম এবং ঠিকানা	১৪.০৮.২০২৬ তারিখের ভিত্তিতে মোট বকেয়া*	সুরক্ষিত পরিসম্পদের বিবরণ	দাবি বিজ্ঞপ্তির তারিখ
1) সুরজিৎ সিনহা পিতা- সনৎ কুমার সিনহা ঠিকানা: ১৪/বি, নবীন সেন রোড, নবগ্রাম, হুগলি, পশ্চিমবঙ্গ-৭১২২৪৬ 2) রূপম বণিক পিতা- রাধেশ্যাম বণিক ঠিকানা: ৩০/৬৮/সি, তারাপুকুর লেন, শ্রীরামপুর, মল্লিকপাড়া, হুগলি, পশ্চিমবঙ্গ-৭১২২০৩ 3) সন্তোষ দেবনাথ পিতা- বীরেন্দ্র দেবনাথ ঠিকানা: পশ্চিম আরামপুর, মালোপাড়া, আরামপুর, দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ-৭৪৩৩৭০	₹১,৮৬,৮০৬.০০ (এক লক্ষ ছিয়াশি হাজার আটশো ছয় টাকা মাত্র)	**জমি ও বাড়ির সমবন্ধক:** **সম্পত্তির তফসিল:** উপরিস্থিত বাড়ি সমেত সামান্য কমবেশি ০৭ কাঠা ০৭ ছটাক ০০ বর্গফুট বাস্তু জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: কোন্নগর পুরসভার স্থানীয় এলাকাধীন, হোল্ডিং নং ১৭১, ইন্দিরা গান্ধী রোড, মৌজা- কোন্নগর, জে এল নং ৭, সেটলমেন্ট আর এস নং ১৭৫৯, তৌজি নং ৩৯৮৯, আর এস দাগ নং ১৫১৩/২৫৬৫ ও ১৫১৩, এল আর দাগ নং ২৭৪০, আর এস খতিয়ান নং ৩৬৯৫, ৩৯৯৮ ও ৩৯৯৯, তৎসহ এর সঙ্গে সম্পর্কিত যাবতীয় এজমালি অধিকার, থানা- উত্তরপাড়া, এডিএসআর-শ্রীরামপুর, জেলা- হুগলি (জোন: কোন্নগর স্টেশন- নেতাজি স্ট্যাচু, হোল্ডিংটি মেন রোডের ওপর অবস্থিত)। **পুরো সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা:** উত্তর- তাপস সাহানা ও অন্যদের বাড়ি; দক্ষিণ- পিনাকি চক্রবর্তী ও অন্যদের বাড়ি; পূর্ব- পুরসভার রাস্তা; পশ্চিম- পুরসভার গলি **দোকানের তফসিল:** উপরোক্ত জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ ও/বা স্বার্থ, তৎসহ যাবতীয় এজমালি, আধা-এজমালি, অধিকার, স্বাধীনতা, সুযোগ-সুবিধা ভোগদখলের সমানাধিকার সমেত 'সৌগন্ধিকা-৩' নামক উক্ত বহুতল বিল্ডিংয়ের গ্রাউন্ড ফ্লোরে পূর্ব দিক অভিমুখী ও সামান্য কমবেশি ১৩৩.২ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া (কভার্ড এরিয়া ১১১ বর্গফুট) বিশিষ্ট বাণিজ্যিক দোকানঘর বা শপ নং ৩-এর অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মিউনিসিপ্যাল হোল্ডিং নং ১৭১, ইন্দিরা গান্ধী রোড, পোঃঅঃ- কোন্নগর, থানা- উত্তরপাড়া, জেলা- হুগলি, পশ্চিমবঙ্গ, কোন্নগর পুর-এলাকার অধীন, কোন্নগর স্টেশন- নেতাজি স্ট্যাচুর কাছে, হোল্ডিংটি গলিতে অবস্থিত। ২০.০৬.২০১৯ তারিখে সম্পাদিত বিক্রয় দলিল নং I-২২৫৪/১৯ অনুযায়ী সম্পত্তির স্বত্বধারক: সুরজিৎ সিনহা, রূপম বণিক ও সন্তোষ দেবনাথ। **দোকানঘরের চৌহদ্দি ও চতুর্সীমা:** উত্তর- শপ নং ৪; দক্ষিণ- শপ নং ২; পূর্ব- পুরসভার গলি; পশ্চিম- ফাঁকা জায়গা। **CERSAI অ্যাসেট আইডি: ৪০০০৮৭৯৫৪৬১২; অ্যাসেট আইডি: ২০০০২৪৯৪৬১৪৮২**	১৪.০৮.২০২৬

* ওপরে উল্লিখিত তারিখ থেকে পরিশোধের তারিখ পর্যন্ত চুক্তিমাফিক হারে সুদ ও কিস্তিতে প্রদেয় উদ্ভূত সুদ সমেত প্রদেয়।

(৪) যদি উক্ত ঋণগ্রহীতাগণ/ বন্ধকদাতাগণ/ জামিনদারগণ ওপরে উল্লেখমতো অর্থাঙ্ক ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্ক-কে আদায় দিতে ব্যর্থ হন, সেক্ষেত্রে ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্ক ওপরে লেখা সুরক্ষিত পরিসম্পদগুলির বিরুদ্ধে সারফায়েসি অ্যাক্টের ১৩(৪) ধারা ও প্রযোজ্যমতো রুলসমূহ মোতাবেক ব্যবস্থা নেওয়ার পথে এগোবে যার ঝুঁকি, মাশুল ও পরিণাম পুরোপুরি সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণ/ বন্ধকদাতাগণ/ জামিনদারগণের ওপরই বর্তাবে।

(৫) পাশাপাশি, উক্ত অ্যাক্টের ১৩ ধারার (৮) নং উপধারার সংস্থানগুলির প্রতিও সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণ/ বন্ধকদাতাগণ/ জামিনদারগণের মনোযোগ আকর্ষণ করা হচ্ছে যাতে তাঁরা প্রাপ্য সময়ের মধ্যে উপরিলিখিত সুরক্ষিত পরিসম্পদগুলি ছাড়িয়ে নেওয়ার ব্যবস্থা গ্রহণ করেন।

(৬) সারফায়েসি অ্যাক্ট অনুযায়ী উপরোক্ত ঋণগ্রহীতাগণ/ বন্ধকদাতাগণ/ জামিনদারগণকে এতদ্দ্বারা ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্কের লিখিত অনুমোদন ছাড়া উপরিলিখিত সুরক্ষিত পরিসম্পদগুলি লেনদেন বা বিক্রয়, বন্ধক, লিজ বা অন্য কোনওভাবে হস্তান্তর করতে নিষেধ করা হচ্ছে। যদি কোনও ব্যক্তি উক্ত অ্যাক্ট বা রুলসমূহের শর্তাদি প্রতিপালনে অন্যথা বা সংস্থানের বিরোধিতামূলক কোনও কাজ করেন, তাহলে উক্ত অ্যাক্টের ধারা নং ২৯ মোতাবেক তাঁর জেল এবং/বা জরিমানা হতে পারে।

তারিখ: ১৪.০৮.২০২৬ — অনুমোদিত আধিকারিক
স্থান: কলকাতা — ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্ক

পঞ্জাব নৈশনল বঁক punjab national bank — ...भरोसे का प्रतीक! — ...the name you can BANK upon!

২৪.০৯.২০২৬ তারিখের ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

অ্যাসেট রিকভারি ম্যানেজমেন্ট ব্রাঞ্চ, দুর্গাপুর

নাচন রোড, বেনাচিতি, দুর্গাপুর-৭১৩২১৩, পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ। ই-মেল: cs8222@pnb.bank.in

স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

ইএমডি (বায়না জমা) এবং নথিপত্র দাখিলের শেষ তারিখ ও সময়: ই-নিলামের নির্ধারিত তারিখে দুপুর ২টো পর্যন্ত

সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট (সারফায়েসি) অ্যাক্ট, ২০০২ (নং ৫৪/২০০২) অধীনে এই ব্যাঙ্কে বন্ধক রাখা স্থাবর সম্পত্তি বিক্রি।

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৯(১)-এর সংস্থানসমূহ-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)-এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ করা নিম্নোক্ত বিবরণযুক্ত এবং সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা গঠনমূলক/ বাস্তবিক/ প্রতীকী দখল নেওয়া নিম্নলিখিত স্থাবর সম্পত্তিগুলি সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)-এর থেকে ব্যাঙ্ক/সুরক্ষিত ঋণদাতার পাওনা অর্থাঙ্ক পুনরুদ্ধারের জন্য নীচে লেখা তারিখে **'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে' এবং 'যেভাবে আছে'** ভিত্তিতে বিক্রি করা হবে। নীচের টেবিলে প্রতিটি সম্পত্তির নির্ধারিত সংরক্ষণ মূল্য ও বায়না জমা (ইএমডি) উল্লেখ করা হয়েছে।

স্থাবর সম্পত্তিগুলির বিবরণ
[সম্পত্তিগুলি সুরক্ষিত ঋণদাতার গঠনমূলক / বাস্তবিক দখলে রয়েছে]

ক্রম নং	শাখার নাম / অ্যাকাউন্টের নাম, ঋণগ্রহীতা/ জামিনদারের নাম ও ঠিকানা	বন্ধক রাখা স্থাবর সম্পত্তিগুলির বিবরণ এবং স্বত্বাধিকারীর নাম [সম্পত্তি(গুলি)র বন্ধকদাতার নাম] এবং দখলের প্রকৃতি	ক) ১৩(২) ধারাধীনে দাবি বিজ্ঞপ্তির তারিখ খ) দখলের তারিখ গ) ১৩(২) নোটিসের তারিখে বকেয়া	ক) সংরক্ষণ মূল্য খ) ইএমডি গ) বিড বাড়ানোর মূল্য (টাকার অঙ্কে)	ই-নিলামের তারিখ ও সময়
১.	শাখা অফিস: আসানসোল মুরগাসোল (০৩০৫১০) অ্যাকাউন্ট: গ্লোবাল ইন্ডিয়া ঋণগ্রহীতা/ সহ-ঋণগ্রহীতা/ জামিনদার/ অংশীদার: ১. শ্রী নরেন্দ্র প্রতাপ, পিতা- বাসুদেও নারায়ণ সিং ৪৫৪ (৪/১), বি ডি মহল্লা, ডিএভি স্কুল রোড, আসানসোল-৭১৩৩০১	'গণপতি ভিলা' নামক জি+৪ তলবিশিষ্ট বিল্ডিংয়ের গ্রাউন্ড ফ্লোরে কমার্শিয়াল শপ নং ১ ও ৫-এর অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা- আসানসোল মিউনিসিপ্যালিটি, থানা- আসানসোল, জেলা- পশ্চিম বর্ধমান, জে এল নং ২০, ওয়ার্ড নং ১১, হোল্ডিং নং ২১/বি, আর এস প্লট নং ৯৭৩, খতিয়ান নং ১৪৫৫৫ থেকে ১৪৫৫৮, সুপার বিল্ট আপ এরিয়া ৩৭৬ বর্গফুট, তৎসহ উক্ত বিল্ডিংয়ের নিম্নস্থিত জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ ভোগদখলের সমানাধিকার, ২০১৬ সালের দলিল নং ৯২১৫ অনুযায়ী স্বত্বধারক: নরেন্দ্র প্রতাপ। [সম্পত্তি ব্যাঙ্কের প্রতীকী দখলে রয়েছে]	ক) ০১.১১.২০১৯ খ) ০৩.০১.২০২০ (প্রতীকী দখল) গ) ₹৫৯,৩৬,৯০৯.৫২ (উনষাট লক্ষ ছত্রিশ হাজার নশো নয় টাকা এবং বাহান্ন পয়সা মাত্র)	ক) ₹১৯,৪৭,০০০.০০ খ) ₹১,৯৪,৭০০.০০ গ) ₹১০,০০০.০০	২৪.০৯.২০২৬ সকাল ১১টা থেকে বিকেল ৪টে
২.	শাখা অফিস: জি টি রোড আসানসোল (৩১৯৩০০) অ্যাকাউন্টের নাম: সন্তোষ কুমার চৌধরী ঋণগ্রহীতা/ সহ-ঋণগ্রহীতা/ জামিনদার/ অংশীদার: ১. মিঃ সন্তোষ কুমার চৌধরী, পিতা- প্রয়াত রামবাহাদুর চৌধরী ২. মিসেস পিঙ্কি দেবী, স্বামী- মিঃ সন্তোষ কুমার চৌধরী কোয়ার্টার নং ৩৪/বি, স্ট্রিট নং ২২, শ্রীলতা মাঠের কাছে, এরিয়া-৪, পোঃঅঃ ও থানা- চিত্তরঞ্জন, জেলা- পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ-৭১৩৩৩১ মোবাইল: ৯৯৩৩৬৫৯৯২০ / ৭০০৪৮০৬১৯৮	মোট ১৩২৩ বর্গফুট কভার্ড এরিয়া বিশিষ্ট একতলা আবাসবাড়ির (কল্লা গ্রাম পঞ্চায়েত দ্বারা অনুমোদিত বিল্ডিং প্ল্যান মোতাবেক নির্মিত) অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: জেলা- পশ্চিম বর্ধমান, মৌজা- মনোহরা, থানা- সালানপুর, কল্লা গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, জে এল নং ৫৩, এল আর এবং আর এস প্লট নং ০৫, এল আর খতিয়ান নং ৭১৫, জমির পরিমাপ- ০৫ কাঠা [মিঃ সন্তোষ কুমার চৌধরীর (PAN: AEXPC2075E) নামে রেজিস্টার্ড], ২০২৩ সালের বিক্রয় দলিল নং I-৩৯৮৬ অনুসারে। সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর- বাবলু শর্মার বাড়ি; দক্ষিণ- রাস্তা (কাঁচা রাস্তা); পূর্ব- অন্যের ফাঁকা জমি; পশ্চিম- অন্যের ফাঁকা জমি। [সম্পত্তি ব্যাঙ্কের প্রতীকী দখলে রয়েছে]	ক) ১১.১১.২০২৪ খ) ২২.০১.২০২৫ (প্রতীকী দখল) গ) ₹৪০,৪৪,৫৯৬.৯৮ (চল্লিশ লক্ষ চুয়াল্লিশ হাজার পাঁচশো ছিয়ানব্বই টাকা এবং আটানব্বই পয়সা মাত্র)	ক) ₹১৬,৮৭,০০০.০০ খ) ₹১,৬৮,৭০০.০০ গ) ₹১০,০০০.০০	২৪.০৯.২০২৬ সকাল ১১টা থেকে বিকেল ৪টে
৩.	শাখা অফিস: আসানসোল স্টেশন বাজার (১৬১১২০) ঋণগ্রহীতা/ সহ-ঋণগ্রহীতা/ জামিনদার/ অংশীদার: ১. মিঃ রাজেশ বাঁশফোর, পিতা- প্রয়াত বিশ্বনাথ বাঁশফোর কল্লা নিচু পাড়া কলোনি, সন্তোষী মা মন্দিরের কাছে, পোঃঅঃ- কল্লা সি এইচ, থানা- আসানসোল নর্থ, জেলা- পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ-৭১৩৩৪০ বিকল্প ঠিকানা: মিঃ রাজেশ বাঁশফোর, পিতা- প্রয়াত বিশ্বনাথ বাঁশফোর, ১০/১১ নং গলি কাঁকিনাড়া, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ-৭৪৩১২৬	গ্রাউন্ড ফ্লোর ও ফার্স্ট ফ্লোর নিয়ে গঠিত দোতলা বাড়ি সমেত সামান্য কমবেশি ৭৫০ (সাতশো পঞ্চাশ) বর্গফুট জমি ও বাড়ির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা- কল্লা, থানা- আসানসোল নর্থ, পুরনো ওয়ার্ড নং ৩২, নতুন ওয়ার্ড নং ১৪, প্রেমিসেস/ হোল্ডিং নং ৬৭৮/এন, জে এল নং ২৮, আর এস খতিয়ান নং ৬৭৯, এল আর খতিয়ান নং ১৭৮৫, এল আর প্লট নং ৭৩২, জেলা- পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ, পিন-৭১৩৩৪০, আসানসোল পুরনিগমের এলাকাধীন, মোট কভার্ড এরিয়া ১০৪০ বর্গফুট (গ্রাউন্ড ফ্লোরে ৫৬০ বর্গফুট এবং ফার্স্ট ফ্লোরে ৪৮০ বর্গফুট)। ২০২০ সালের দলিল নং I-৩৩২ অনুসারে সম্পত্তিটি রাজেশ বাঁশফোর-এর নামে রেজিস্টার্ড। [সম্পত্তি ব্যাঙ্কের প্রতীকী দখলে রয়েছে]	ক) ২১.০৯.২০২৪ খ) ০৯.১২.২০২৪ (প্রতীকী দখল) গ) ₹২০,৬৬,৩১৫.৯০ (কুড়ি লক্ষ ছেষট্টি হাজার তিনশো পনেরো টাকা এবং নব্বই পয়সা মাত্র)	ক) ₹১৬,৪৩,০০০.০০ খ) ₹১,৬৪,৩০০.০০ গ) ₹১০,০০০.০০	২৪.০৯.২০২৬ সকাল ১১টা থেকে বিকেল ৪টে

শর্ত ও নিয়মাবলি:

এই বিক্রি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-তে নির্ধারিত শর্ত ও নিয়মাবলির পাশাপাশি নিম্নলিখিত শর্তসাপেক্ষ হবে:

১. সম্পত্তিগুলি **'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে' এবং 'যেভাবে আছে'** ভিত্তিতে বিক্রি করা হচ্ছে।

২. ওপরের তফসিলে প্রদত্ত সুরক্ষিত পরিসম্পদগুলির বিবরণ অনুমোদিত আধিকারিকের সর্বসেরা জ্ঞান ও তথ্যানুসারে বর্ণিত হয়েছে। তবে এই ঘোষণাপত্রে কোনও প্রকার ত্রুটি, ভুল বিবৃতি বা অনুল্লেখের জন্য অনুমোদিত আধিকারিক জবাবদিহি করতে দায়বদ্ধ থাকবেন না।

৩. এই বিক্রি **২৪.০৯.২০২৬ সকাল ১১টা থেকে বিকেল ৪টের মধ্যে https://www.baanknet.com** ওয়েবসাইটে দেওয়া ই-নিলাম প্ল্যাটফর্মে নিম্নস্বাক্ষরকারী দ্বারা আয়োজিত হবে।

৪. বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক **https://www.baanknet.com** ওয়েবসাইট দেখুন।

৫. বিক্রির শর্ত ও নিয়মাবলি সম্পর্কিত প্রশ্নের ব্যাখ্যা পেতে আগ্রহী বিডারগণ অনুগ্রহপূর্বক এই ব্যক্তির সঙ্গে যোগাযোগ করবেন: **মিঃ কুণাল দাস (চিফ ম্যানেজার), মোবাইল: ৯৮৫৯৯৫২২১২।**

সিকিউরিটি ইন্টারেস্ট এনফোর্সমেন্ট অ্যামেন্ডমেন্ট রুলস, ২০০২-এর রুল ৮(৬) ও ৯(১) অধীনে ৩০/১৫ দিনের বিধিবদ্ধ বিক্রয় বিজ্ঞপ্তি

তারিখ: ২৬.০৮.২০২৬ — অনুমোদিত আধিকারিক
স্থান: দুর্গাপুর — পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক

সারফায়েসি অ্যাক্ট, ২০০২-এর রুল রুল ৮(৬) ও ৯(১) অধীনে বিধিবদ্ধ বিক্রয় বিজ্ঞপ্তি

কেনরা বঁক Canara Bank — সিন্ডিকেট Syndicate

রিজিওনাল অফিস: বহরমপুর
আরিয়ান বিল্ডিং, ভাকুরি মোড়, বলরামপুর, এনএইচ-৩৪, বহরমপুর, মুর্শিদাবাদ, পিন-৭৪২১৬৫

দখল বিজ্ঞপ্তি [১৩(৪) ধারাধীনে] (স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু **কানাড়া ব্যাঙ্ক**-এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল নং ৩-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (অ্যাক্ট নং ৫৪/২০০২)-এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে নিম্নলিখিত ঋণগ্রহীতাগণ/জামিনদারগণের প্রতি দাবি বিজ্ঞপ্তিসমূহ জারি করেছিলেন যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে উক্ত বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।

উক্ত ঋণগ্রহীতা/জামিনদার উক্ত বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত উক্ত ঋণগ্রহীতা/জামিনদার/বন্ধকদাতা এবং জনসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট এনফোর্সমেন্ট রুলস, ২০০২ এর রুল নং ৮ ও ৯-সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে তাঁদের নামের পাশে উল্লিখিত তারিখে দখল নিয়েছেন।

বিশেষত উক্ত ঋণগ্রহীতা/জামিনদার/বন্ধকদাতা এবং জনসাধারণকে এতদ্দ্বারা নিম্নবর্ণিত সম্পত্তিগুলি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্যে সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তিগুলি নিয়ে যে কোনও প্রকার লেনদেন প্রতিটি অ্যাকাউন্টের পাশে উল্লিখিত অর্থাঙ্ক এবং এর ওপর উদ্ভূত সুদ, আ